

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০১১.০০.০০.০০৬.২০১৫- ১৬০

তারিখ : ১৬ এপ্রিল, ২০১৭

বিষয় : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১ম শ্রেণির 'গবেষণা কর্মকর্তা' পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিপিএসসি ফরম-৩ জমাদান প্রসঙ্গে।

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১ম শ্রেণির 'গবেষণা কর্মকর্তা' পদের লিখিত পরীক্ষার ফলাফল গত ০৫.০৪.২০১৭ তারিখ প্রকাশিত হয়েছে। উক্ত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৪৩(তেতাল্লিশ) জন প্রার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইট হতে বিপিএসসি ফরম-৩ ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র আগামী ১৬.০৪.২০১৭ তারিখ হতে ২০.০৪.২০১৭ তারিখ প্রতিদিন সকাল ১০:৩০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত কমিশনের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা বরাবর জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর বিপিএসসি ফরম-৩ জমা নেয়া হবে না।

২. সাময়িকভাবে যোগ্য কোনো পরীক্ষার্থীর আবেদনপত্রে গুরুতর (Substantive) কোন ত্রুটি বা ঘাটতি দেখা দিলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল হবে।
৩. এ বিজ্ঞপ্তিটি কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd পাওয়া যাবে।
৪. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি পরবর্তীতে বিজ্ঞপ্তি আকারে দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে এবং কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।]
[চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (যুগ্ম-সচিব)
(নন-ক্যাডার)
ফোন : ৫৫০০৬৬৫৫